

পটমঞ্জরী—ত্রিতাল

আসিবে তুমি জানি প্রিয় ।

আনন্দ বনে বসন্ত এল,

ভুবন, হ'ল সরসা, প্রিয় দরশা, মনোহর ॥

বনান্তে পবন অশান্ত হ'ল তাই,

কোকিল কুহরে,

ঝরে গিরি নিঝরিণী ঝর ঝর ॥

ফুল্ল যামিনী আজি ফুল সুবাসে,

চন্দ্র অতন্দ্র সুনীল আকাশে,

আনন্দিত দীপাঙ্ঘিত অম্বর ॥

মালতী-বিতানে পাখী পিউ পিউ বোলে

অঙ্গে অপরূপ ছন্দ আনন্দ-লহর তোলে ।

দিকে দিকে শুনি আজ

আসিবে রাজাধিরাজ প্রিয়তম সুন্দর ॥

II পা -১ রা মা | পা -১ পা -১ | পধা -গা ধগা -র্সাঁ | গধা -পধা পা -১ I  
 আ ০ সি বে তু ০ মি ০ জা ০ ০ নি ০ ০ প্রি ০ ০০ য ০

I পর্সাঁঃ গঃ ধপাঁ, পর্রাঃ গঃ ধপাঁ না ধপাঁ | ররা মমা পা ররা | ররা জা রসরা ন্সাঁ I  
 আন ন্দ বনে বস স্ত এল তু বন হল সর সা প্রিয় দর শা মনো হর

I ন্যা ন্যা -১ ন্যা | সা -জ্ঞা রা সা | সা মরা -মা মা | মপা পা পা -১ I  
 ব না ন্ তে প ০ ব ন অ শা ন্ ত হ ০ ল তা ই

I পা না -১ সাঁ | না সাঁ গধা -পা | পধাঃ মঃ পা মপা | রমা রজা সরা ন্সাঁ II  
 কো কি ০ ল কু হ রে ০ ০ ঝরে গি রি নিব্ ঝরি নী ০ ঝর ঝর

II { পা -১ রা মা | পা পা না না | সাঁ -না সাঁ ঞ্জা | রা সাঁ সাঁ -১ I  
 ফু ০ ল্ল যা মি নী আ জি ফু ০ ল সু বা ০ সে ০

I -১ সর্নাঃ সঃ জাঁ | রা সাঁ সাঁ সাঁ | না -১ সাঁ রা | নসাঁ -১ গধা -পা } I  
 ০ চন্ দ্র অ ত ন্ দ্র সু নী ০ ল আ কা ০ ০ শে ০ ০

I { পর্সাঁঃ পঃ ধা মপাঃ | রঃ জা সরা ন্সাঁ } II  
 আন ন্দি ত দীপা বি ত অম্ বর

II ন্যা ন্যা ন্যা ন্যা | ন্যা সা সা সা | -১ সনাঃ সঃ জা | রা -১ সা -১ I  
 মা ল তী বি তা নে পা খী ০ পিউ পি উ বো ০ লে ০

I -১ সরাঃ মঃ মা | পা -১ পা পা | -১ রমাঃ মঃ ধপা | ঞ্জা -১ রা -১ I  
 ০ অং গে অ প ০ রু প ০ ছন্ দ আ ন ন্ দ ০

I -১ জ্ঞরাঃ জঃ মা | মা সা সা -১ | -১ জ্ঞমাঃ পঃ না | না সাঁ সাঁ -১ I  
 ০ ল ০ হ র তো ০ লে ০ ০ দিকে দি কে শু নি আ জ

I -১ নধাঃ নঃ সাঁ | নধা না পা -১ | -১ মপাঃ রঃ জা | সা -১ রা না সা III  
 ০ আসি বে রা জা বি রা জ ০ প্রিয় ত ম সুন্ ০ দ র